**WEST BENGAL STATE UNIVERSITY**
B.A. Honours 6th Semester Examination, 2021

# BNGACOR14T-BENGALI (CC14)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

## বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

### একক-১

(ক) 'ইংলন্ডে বঙ্গমহিলা' গ্রন্থের ষষ্ঠ অধ্যায়ে কৃষ্ণভাবিনীর বর্ণনায় লন্ডন শহরের ছবি যেভাবে ধরা পড়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) 'ইংলন্ডে বঙ্গমহিলা' গ্রন্থে ইংলন্ডের বাণিজ্য, কারুকর্ম এবং শ্রমজীবী মানুষ সম্পর্কে যে ধারণা পাওয়া যায়, তা নিজের ভাষায় লেখো। ১০

### একক-২

(গ) 'য়ুরোপ প্রবাসীর পত্র' গ্রন্থের প্রথম পত্র অবলম্বনে রবীন্দ্রনাথের সমুদ্রযাত্রার বর্ণনা দাও। ১০

**অথবা**

(ঘ) "এ বিষয়ে একটা দিশি পুতুল ও একটা বিলিতি পুতুলের যতটুকু তফাত, আমাদের দেশের ও এ-দেশের মেয়েদের মধ্যে ততটুকু তফাত মাত্র।" – 'য়ুরোপ প্রবাসীর পত্র' গ্রন্থের সপ্তম পত্র অবলম্বনে উদ্ধৃতাংশটি বিশ্লেষণ করো। ১০

### একক-৩

(ঙ) মুজতবা আলীর 'দেশে বিদেশে' ভ্রমণকাহিনি হয়েও আফগানিস্তানের লিখিত ইতিহাসেরও অসামান্য উপস্থাপনা। – মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

**অথবা**

(চ) মুজতবা আলীর 'দেশে বিদেশে' রচনা কোন্ প্রেক্ষিতে সরস, মেধাবী এবং বর্ণময়, তা আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) ভ্রমণসাহিত্য হিসেবে 'হে পূর্ণ, তব চরণের কাছে' গ্রন্থটির স্বাতন্ত্র্য ও অনন্যতা কোথায় বুঝিয়ে লেখো। ১০

**অথবা**

(জ) "আবার আসব হিমালয়, আবার দেখা হবে।" – 'হে পূর্ণ, তব চরণের কাছে' গ্রন্থে হিমালয়ের যে সামগ্রিক ভাবকল্প নবনীতা দেবসেনের চেতনায় ও লেখনীতে প্রতিফলিত হয়েছে, তার পরিচয় দাও। ১০

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) "লন্ডনে অনেক আশ্চর্য দৃশ্য আছে, কিন্তু আমাদের কাছে মাটির নীচের লন্ডন অতি অদ্ভুত বলিয়া মনে হয়।" – ব্যাখ্যা করো। ৫

(খ) "আর এথেল তার আঙ্কল্ আর্থারকে মুহূর্ত ছেড়ে থাকতে চায় না" – 'এথেল' এবং আঙ্কল্ আর্থারের পরিচয় দাও। ৫

(গ) "সে বলল, 'মা খু চিহল্ ও পঞ্জম্ হস্তম্' অর্থাৎ, 'আমি তো পঁয়তাল্লিশ নম্বরের'।" – ব্যাখ্যা করো। ৫

(ঘ) "এতক্ষণে বেশ ইন্টারেস্টিং লাগছে সাধুকে।" – সাধুটির পরিচয় দাও। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——